রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-০৯/২০২২ তারিখ: ০৭.১১.২০২২

বিষয়: কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোগ (CMSME) খাতে বাংলাদেশ ব্যাংক এর ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় প্রদেয় মেয়াদী ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান প্রসঙ্গে।

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোগ (CMSME) খাতের উদ্যোক্তাগণের অনুকূলে তুলনামূলক স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা নিশ্চিতকরণের লক্ষ্যে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ১৯.০৭.২০২২ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর নির্দেশনার অনুবৃত্তিক্রমে বাংলাদেশ ব্যাংক এর ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় সিএমএসএমই খাতে মেয়াদী ঋণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ০৪.০৯.২০২২ তারিখে ঋওঅবি-১ সার্কুলার নং-০৬ মাঠ পর্যায়ে জারী করা হয়।

সিএমএসএমই খাতে সহায়ক জামানত প্রদানে অসমর্থ উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে এ খাতে জামানতবিহীন মেয়াদী ঋণ প্রদানের বিপরীতে গ্যারান্টি সুবিধা প্রদানের আবশ্যকতা বিবেচনায় ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক গত ১০.০৮.২০২২ তারিখে সিজিডি সার্কুলার নং-০২ জারী করা হয়। উল্লিখিত সার্কুলারে সিএমএসএমই খাতের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় প্রদেয় মেয়াদী ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করা হবে মর্মে উল্লেখ রয়েছে। বাংলাদেশ ব্যাংক এর উল্লিখিত স্কিমের আওতায় গ্যারান্টি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে ২৯.০৮.২০২২ তারিখে বাংলাদেশ ব্যাংক এর সাথে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর একটি অংশগ্রহণ চুক্তি স্বাক্ষরিত হয়। উল্লিখিত চুক্তির শর্তাবলী এবং বাংলাদেশ ব্যাংকের এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনার অনুবৃত্তিক্রমে ২৭.১০.২০২২ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫৫৪তম সভার অনুমোদনক্রমে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোগ (CMSME) খাতের উদ্যোক্তাদের অনুকূলে জামানতবিহীন মেয়াদী ঋণ প্রদানের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি স্কিম সংক্রান্ত নিম্নরূপ নীতিমালা ও ঋণ নিয়মাচার জারী করা হলো:

১. ক্রেডিট গ্যারান্টি সুবিধা:

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ১৯.০৭.২০২২ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর নির্দেশনার অনুবৃত্তিক্রমে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ০৪.০৯.২০২২ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-০৬ এর আওতায় সিএমএসএমই খাতের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় প্রদেয় মেয়াদী ঋণের বিপরীতে এ ক্রেডিট গ্যারান্টি সুবিধা পাওয়া যাবে। ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক আলোচ্য ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করা হবে।

২. ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের জন্য উপযুক্ত ঋণগ্রহীতা:

ঋওঅবি-১ সার্কুলার নং-০৬/২০২২ এর আওতায় সিএমএসএমই খাতে মেয়াদী ঋণ গ্রহণের জন্য উপযুক্ত ঋণগ্রহীতাগণ এ ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন।

৩. ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা:

আলোচ্য ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় জামানতবিহীন ঋণ বিতরণের লক্ষ্যে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর জন্য ১০.০০ (দশ) কোটি টাকা Portfolio Guarantee Limit (PGL)/লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে (জোন পর্যায়ে বরাদ্দকৃত লক্ষ্যমাত্রার তালিকা সংযোজনী-'ক'-তে দেখানো হলো)। প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক PGL/লক্ষ্যমাত্রার পরিমাণ হ্রাস/বৃদ্ধি করা হতে পারে।

(চলমান পাতা-২)

ঋণ ও অবি-১ সার্কুলার নং-০৯/২০২২ তারিখ: ০৭.১১.২০২২

৪. ক্রেডিট গ্যারান্টি ক্যাপ:

বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদেয় আলোচ্য গ্যারান্টি সুবিধার আওতায় গ্যারান্টি পোর্টফোলিও ক্যাপ এর হার হবে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক একটি নির্দিষ্ট ক্যালেন্ডার বছরে অনুমোদিত মোট গ্যারান্টির সর্বোচ্চ ৩০% এবং উল্লিখিত গ্যারান্টি পোর্টফোলিও ক্যাপ এর আওতায় কোন একক উদ্যোক্তা বা ঋণগ্রহীতার ক্ষেত্রে গ্যারান্টি কভারেজের হার হবে সর্বোচ্চ ৭০%।

৫. ক্রেডিট গ্যারান্টির মেয়াদ:

৫.১ প্রাথমিকভাবে সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় প্রদত্ত ঋণের মেয়াদই গ্যারান্টির মেয়াদ হিসেবে বিবেচিত হবে।

৫.২ নির্ধারিত মেয়াদের মধ্যে কোনো ঋণ সম্পূর্ণ আদায় হলে সংশ্লিষ্ট ঋণের গ্যারান্টির মেয়াদও শেষ হয়ে যাবে। তবে, কোনো ঋণ পুনঃতফসিল/পুনর্গঠন করা হলে পুনঃনির্ধারিত মেয়াদ গ্যারান্টির মেয়াদ হিসেবে গণ্য হবে।

৫.৩ পুনঃতফসিল/পুনর্গঠন এর মাধ্যমে ঋণের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট হতে গ্যারান্টির মেয়াদ বৃদ্ধি করে নিতে এবং বর্ধিত সময়ের জন্য প্রযোজ্য গ্যারান্টি ফি প্রদান করতে হবে।

৬. ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় অগ্রাধিকারপ্রাপ্ত খাতসমূহ:

৬.১ সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে এ খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বরাদ্দকৃত Portfolio Guarantee Limit (PGL) এর ন্যূনতম ১০% নারী উদ্যোক্তাদের অনুকূলে বিতরণের জন্য সংরক্ষিত থাকবে।

৬.২ তবে, বছরের তৃতীয় প্রান্তিকের মধ্যে নারী উদ্যোক্তাদের নিকট হতে আবেদন পাওয়া না গেলে উল্লিখিত পরিমাণ অংশ হতে সম্ভাবনাময় অন্যান্য উদ্যোক্তাদের ঋণের বিপরীতে গ্যারান্টি সুবিধা গ্রহণ করা যাবে।

৬.৩ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতে অগ্রাধিকার ভিত্তিতে গ্যারান্টি সুবিধা প্রদানের ক্ষেত্রে ঋণ ও অবি-১ সার্কুলার নং-০৬ এর ০৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৭. ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ঋণ সীমা:

ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে সিএমএসএমই উদ্যোগ খাতে গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ঋণসীমা হবে নিম্নরূপ:

উদ্যোগের ধরণ	উপ খাত	ঋণ সীমা
কুটির ও মাইক্রো উদ্যোগ	উৎপাদনশীল ও সেবা শিল্প	সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ০১ (এক) কোটি টাকা
ক্ষুদ্র উদ্যোগ	উৎপাদনশীল শিল্প	সর্বনিম্ন ০১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ০৩ (তিন) কোটি টাকা
	সেবা শিল্প	সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ০১ (এক) কোটি টাকা
মাঝারি উদ্যোগ	উৎপাদনশীল শিল্প	সর্বনিম্ন ০১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) কোটি টাকা
	সেবা শিল্প	সর্বনিম্ন ০১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ০২ (দুই) কোটি টাকা

৮. গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদের হার:

ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ০৪.০৯.২০২২ তারিখে জারীকৃত ঋণ ও অবি-১ সার্কুলার নং-০৬ এর ০৯ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক আলোচ্য গ্যারান্টি সুবিধার আওতায় গ্রাহক পর্যায়ে আরোপিত বার্ষিক সুদের হার হবে সর্বোচ্চ ৭% (ক্রমহ্রাসমান স্থিতি ভিত্তিক)।

(চলমান পাতা-৩)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৯/২০২২ তারিখ: ০৭.১১.২০২২

৯. গ্যারান্টির আবেদন, ঋণ/বিনিয়োগ মঞ্জুরি/অনুমোদন ও বিতরণ পদ্ধতি:

৯.১ ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ জামানতবিহীন ঋণ গ্রহণে ইচ্ছুক উদ্যোক্তা/গ্রাহকদের ঋণ/বিনিয়োগ আবেদনসমূহ প্রয়োজনীয় তথ্যাদিসহ (সংযোজনী-১ ও ২) প্রতি মাসের প্রথম ০৫ কার্যদিবসের মধ্যে গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ছকে জোনাল কার্যালয়ে প্রেরণ করবে ।

৯.২ জোনাল কার্যালয়সমূহ কর্তৃক জোনের আওতাধীন শাখাসমূহের এতদসংক্রান্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক 'সংযোজনী-খ' মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদিসহ যোগ্য আবেদনসমূহের তালিকা প্রতি মাসের প্রথম ০৭ কার্যদিবসের মধ্যে গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ করতে হবে। গ্যারান্টি রেজিস্ট্রেশনের আবেদনের সাথে সংশ্লিষ্ট জোনসমূহ কর্তৃক ঋওঅবি-১ সার্কুলার নং-০৬/২০২২ এবং ব্যাংকের বিদ্যমান এতদসংক্রান্ত ঋণ নীতিমালার আওতায় ঋণ/বিনিয়োগ আবেদনসমূহ যথাযথভাবে যাচাই-বাছাই এবং প্রাথমিকভাবে মঞ্জুরি প্রদান করা হয়েছে মর্মে প্রত্যায়নপত্র দাখিল করতে হবে।

৯.৩ প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক জোনাল কার্যালয়ের আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক যোগ্য আবেদনসমূহের তালিকা প্রতি মাসের প্রথম ১০ কার্যদিবসের মধ্যে গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট-এ দাখিল করতে হবে।

৯.৪ বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট হতে রেজিস্ট্রেশন প্রাপ্তির পর প্রধান কার্যালয় কর্তৃক সংশ্লিষ্ট শাখা/জোনসমূহকে উদ্যোক্তার অনুকূলে ঋণ/বিনিয়োগ মঞ্জুরি/বিতরণ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

৯.৫ প্রধান কার্যালয়ের এতদসংক্রান্ত নির্দেশনা প্রাপ্তির পর ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী ঋণ মঞ্জুরকারি কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ঋণ মঞ্জুরি/বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৯.৬ আলোচ্য ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় ঋণ মঞ্জুরি/বিতরণের ক্ষেত্রে ঋণগ্রহীতা/উদ্যোক্তার ব্যবসা/পেশার ধরণ, উপযোগিতা এবং চাহিদার ভিত্তিতে প্রজ্ঞা ও বিচক্ষণতার সাথে ঋণের খাত নির্ধারণ করতে হবে। শাখা/জোন/বিভাগ কর্তৃক সরেজমিনে তদন্তপূর্বক গ্রাহকের সক্ষমতার বিষয়ে নিশ্চিত হয়ে এ ঋণ মঞ্জুরি/সুপারিশ করতে হবে। এ স্কিমের আওতায় সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে নিম্নরূপভাবে ব্যবসায়িক ক্ষমতা প্রয়োগ করতে হবে:

▪ শাখা ব্যবস্থাপক (ইউনিয়ন/উপজেলা/পৌরসভা/জেলা শাখা নির্বিশেষে)	:	২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পর্যন্ত।
▪ জোনাল ব্যবস্থাপক/ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়	:	২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উর্ধ্বে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত।
▪ বিভাগীয় মহাব্যবস্থাপক/ স্থানীয় মুখ্য কার্যালয়ের ক্ষেত্রে মহাব্যবস্থাপক (পরিচালন)	:	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বে ২০,০০,০০০/- (কুড়ি লক্ষ) টাকা পর্যন্ত।
▪ উপ-ব্যবস্থাপনা পরিচালক/ উপ-ব্যবস্থাপনা পরিচালকের অবর্তমানে মহাব্যবস্থাপক (পরিচালন)	:	২০,০০,০০০/- (কুড়ি লক্ষ) টাকার উর্ধ্বে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত।
▪ ব্যবস্থাপনা পরিচালক	:	৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উর্ধ্বে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা পর্যন্ত।
▪ পরিচালনা পর্ষদ	:	১,০০,০০,০০০/- (এক কোটি) টাকার উর্ধ্বে ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা পর্যন্ত।

৯.৭ ঋণ মঞ্জুরিপত্র ইস্যু/প্রাপ্তির পর শাখাসমূহ কর্তৃক যথাযথ ডিউ-ডিলিজেন্স সম্পন্ন করে ঋণ/বিনিয়োগ বিতরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৯.৮ আলোচ্য ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় ঋণ মঞ্জুরি ক্ষমতা ব্যতিরেকে এ ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ৫ম অধ্যায়ে বর্ণিত ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতা বিষয়ক অন্যান্য নির্দেশাবলী যথাযথ প্রয়োগ/বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(চলমান পাতা-৪)

ঋঔঅবি-১ সার্কুলার নং-০৯/২০২২ তারিখ: ০৭.১১.২০২২

১০. গ্যারান্টি ফি:

১০.১ বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক প্রতি বছরের জন্য ঘোষিত পোর্টফোলিও সীমার আওতায় গ্যারান্টি রেজিস্ট্রেশনের সময় আবেদনকৃত ঋণের উপর ১% হারে ০১ (এক) বছরের জন্য গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। গ্যারান্টি ফি বাবদ উল্লিখিত অর্থ সংশ্লিষ্ট উদ্যোক্তা/ঋণ/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করতে হবে।

১০.২ বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক অংশগ্রহণ চুক্তির আওতায় বাৎসরিক ভিত্তিতে গ্যারান্টি ফি বাংলাদেশ ব্যাংককে পরিশোধ করতে হবে।

১০.৩ এ গ্যারান্টি ফি ব্যতীত অন্য কোন ফি/চার্জ এর বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ০৪.০৯.২০২২ তারিখে জারীকৃত ঋঔঅবি-১ সার্কুলার নং-০৬ এর নির্দেশনা এবং এ ব্যাংকের বিদ্যমান বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১০.৪ গ্যারান্টি চলমান থাকা সাপেক্ষে ০১ (এক) বছর অতিবাহিত হওয়ার পর পরবর্তী বছর হতে অব্যবহিত পূর্ববর্তী দিনের গ্যারান্টিলব্ধ স্থিতির উপর গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে।

১০.৫ ব্যাংকের অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের হার ৫ শতাংশ বা এর কম হলে বার্ষিক ০.৫০% হারে এবং শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের হার ৫ শতাংশের বেশি হলে বার্ষিক ০.৭৫% হারে গ্যারান্টি ফি প্রদান করতে হবে।

১০.৬ প্রতি বছর গ্যারান্টি রেজিস্ট্রেশনের ১৫ (পনের) দিনের মধ্যে এবং পরবর্তী বছরসমূহে চলমান গ্যারান্টির ক্ষেত্রে অব্যবহিত পূর্ববর্তী বছর সমাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে গ্যারান্টি ফি আগাম পরিশোধ করতে হবে। অন্যথায়, বাংলাদেশ ব্যাংক-এ রক্ষিত এ ব্যাংকের চলতি হিসাব বিকলন করে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আলোচ্য গ্যারান্টি ফি আদায় করা হবে।

১১. গ্যারান্টির দাবি এবং নিষ্পত্তি প্রক্রিয়া:

১১.১ এ স্কিমের আওতায় গ্যারান্টিপ্রাপ্ত কোন ঋণ বিদ্যমান নীতিমালা অনুযায়ী মন্দমানে শ্রেণীকৃত হওয়ার পর বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নীতিমালা অনুযায়ী পুনঃতফসিল/পুনর্গঠন করা যাবে এবং তা ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টকে অবহিত করতে হবে। তবে, গ্যারান্টিপ্রাপ্ত ঋণ তিন বার পর্যন্ত পুনঃতফসিল করা যাবে। তৃতীয় বার পুনঃতফসিল করার (প্রযোজ্য ক্ষেত্রে) পর কোনো ঋণ আদায় না হয়ে পুনরায় মন্দমানে শ্রেণীকৃত হলে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট-এ গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবী (Claim) করা যাবে।

১১.২ গ্যারান্টি দাবির আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট শাখা কর্তৃক ঋণ আদায়ের সকল প্রচেষ্টা গ্রহণসহ প্রচলিত আইন অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে মামলা দায়ের এবং অন্যান্য আইনী ব্যবস্থা গ্রহণ করতে হবে। অর্থাৎ ঋণ আদায়ের লক্ষ্যে সকল ব্যবস্থা গ্রহণ করা স্বত্ত্বেও সংশ্লিষ্ট ঋণ হিসাব মন্দমানে শ্রেণীকৃত হয়ে পড়লে কেবলমাত্র তখনি প্রযোজ্য ক্ষেত্রে আইনী প্রক্রিয়া শুরু (মামলা দায়ের) করে গ্যারান্টির বিপরীতে দাবী উত্থাপন করা যাবে। তবে, মামলা সংক্রান্ত ব্যয় বিবেচনায় অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে কুটির ও মাইক্রো খাতে গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ০২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে আদালতে মামলা দায়ের ব্যতিরেকে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট-এ উল্লিখিত গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবী করা যাবে।

১১.৩ গ্যারান্টি বিপরীতে প্রদত্ত ঋণ/বিনিয়োগ মন্দমানে শ্রেণীকৃত হলে সেক্ষেত্রে দাবীর পরিমাণ মন্দমানে শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের আসলের গ্যারান্টিকৃত অংশ (Guaranteed Proportion of Principal Amount)। একক উদ্যোক্তা বা ঋণের ক্ষেত্রে দাবীর পরিমাণ হবে সর্বোচ্চ ৭০ শতাংশ অথবা ব্যাংকের অনুকূলে প্রদত্ত মোট গ্যারান্টি রেজিস্ট্রেশনের সর্বোচ্চ ৩০% এর অদাবীকৃত অংশ, এ দুটির মধ্যে যা কম।

১১.৪ অনাদায়ী সুদ/মুনাফার বিপরীতে কোনক্রমেই আলোচ্য গ্যারান্টি দাবী করা যাবে না।

১১.৫ গ্যারান্টির দাবি নিষ্পত্তির পরও ঋণ/বিনিয়োগ আদায়ের ব্যাপারে সংশ্লিষ্ট শাখাসমূহ কর্তৃক আইনী পদক্ষেপসহ সকল ধরনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। গ্যারান্টির দাবি নিষ্পত্তির পর ঋণ/বিনিয়োগের বিপরীতে উদ্যোক্তা হতে কোন অর্থ আদায় হলে তা গ্যারান্টি কভারেজের আনুপাতিক হারে বাংলাদেশ ব্যাংকের অনুকূলে ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(চলমান পাতা-৫)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৯/২০২২ তারিখ: ০৭.১১.২০২২

১২. ঋণ হিসাবায়ন:
আলোচ্য স্কীমের আওতায় বিতরণকৃত ঋণ হিসাব নিম্নবর্ণিত হেড এর মাধ্যমে পরিচালনা করতে হবে:

Product Code	Name of Account
618	Credit Guarantee Scheme on CMSME Term Loan Refinance Scheme BB

১৩. শিডিউল অব চার্জ/অন্যান্য চার্জ:
ঋণ প্রক্রিয়াকরণের জন্য প্রসেসিং ফি ও অন্যান্য চার্জ বিষয়ে সিএমএসএমই ঋণের শিডিউল অব চার্জ এবং ব্যাংক কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৪. ঋণের ডকুমেন্টেশন:
(ক) আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের ডকুমেন্টেশন এর ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ১২ নম্বর অধ্যায়ের ১২.১৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাবলী যথাযথ অনুসরণ ও পরিপালন করতে হবে।
(খ) স্ট্যাম্প ডিউটি ও দলিলায়নের ক্ষেত্রে অর্থ আইন-২০২২ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

১৫. ঋণের সদ্ব্যবহার যাচাই ও ঋণ তত্ত্বাবধান:

১৫.১ শাখাসমূহ কর্তৃক যথাযথ ডিউ-ডিলিজেন্স/ডকুমেন্টেশন সম্পন্ন করে ঋণ/বিনিয়োগ বিতরণ করতে হবে এবং বিতরণকৃত ঋণের যথাযথ সদ্ব্যবহার নিশ্চিত করতে হবে।

১৫.২ ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করা না হলে বা কোন শর্ত লংঘন করা হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রদত্ত গ্যারান্টি বাতিল করা হবে। ফলশ্রুতিতে এতদসংক্রান্ত আর্থিক ক্ষতির দায়দায়িত্ব সংশ্লিষ্ট শাখা/জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

১৫.৩ বিতরণকৃত ঋণ/বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর ন্যস্ত থাকবে।

১৫.৪ এ স্কিমের আওতায় বিতরণকৃত ঋণ যেন কোনক্রমেই খেলাপী না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বিশেষভাবে তৎপর থাকতে হবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে বিতরণকৃত ঋণের সময়ভিত্তিক কিস্তি আদায়ের বিষয়টি গুরুত্বের সাথে মনিটরিং এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

১৫.৫ শাখা/জোনসমূহ কর্তৃক গ্যারান্টির আওতায় ঝুঁকি নির্ণয়ে সহায়ক এমন কোনো তথ্য ইচ্ছাকৃতভাবে গোপন করলে অথবা ভুল তথ্য প্রদান করলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিদ্যমান আইন/বিধি/নীতিমালার আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এহেন পরিস্থিতির উদ্ভব হলে দায়ভার সংশ্লিষ্ট শাখা/জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

১৫.৬ গ্যারান্টি সুবিধালব্ধ উদ্যোক্তাদের সাথে বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট এর সরাসরি কোনো যোগাযোগ থাকবে না; তবে গ্যারান্টি সুবিধার জন্য আবেদন প্রাপ্তির পর গ্যারান্টির যথার্থতা এবং তথ্য/উপাত্তের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এর কর্মকর্তাগণ ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট ঋণ নথি/দলিলাদি তলব/নিরীক্ষাসহ প্রয়োজনে সরেজমিনে উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকান্ড পরিদর্শন করতে পারেন। বিধায় এতদসংক্রান্ত তথ্যাদি মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে (সংযোজনী-৬,৭,৮) হালনাগাদ রাখতে হবে এবং বাংলাদেশ ব্যাংক/প্রধান কার্যালয়ের চাহিদা অনুসারে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সরবরাহ করতে হবে।

১৫.৭ শাখা/জোনসমূহ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় বিষয়ক তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী প্রধান কার্যালয়ে রিপোর্ট করার পাশাপশি ব্যাংকের CBS সফটওয়ারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত নিয়মিতভাবে দাখিল করতে হবে।

১৬. ঋণ শ্রেণীকরণ ও প্রভিশন সংরক্ষণ:
এ স্কিমের আওতায় গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগ শ্রেণীকৃত হলে একটি নির্দিষ্ট ক্যালেন্ডার বছরে গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত মোট ৩০% পর্যন্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে স্পেসিফিক প্রভিশন সংরক্ষণের বাধ্যবাধকতা গ্যারান্টির মেয়াদকালের জন্য অব্যাহতি প্রাপ্ত হবে।

(চলমান পাতা-৫)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৯/২০২২ তারিখ: ০৭.১১.২০২২

১৭. অন্যান্য শর্তাবলী:

১৭.১ ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এ সার্কুলারের নির্দেশনাবলীর পাশাপাশি বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক প্রণীত Manual of Credit Guarantee Scheme এর নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৭.২ উদ্যোক্তা/গ্রাহক/ঋণগ্রহীতার ব্যবসা/শিল্প উদ্যোগের ধরণ নির্ধারণ এবং জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০ এবং ০৪.০৯.২০২২ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-০৬ এর নির্দেশনা এবং এ ব্যাংকের বিদ্যমান বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৭.৩ ঋণগ্রহীতা নির্বাচন, ডেট-ইক্যুইটি অনুপাত, ঋণ মঞ্জুরি, বিতরণ, দলিলাদি সম্পাদন, ঋণের সদ্ব্যবহার ও তদারকির ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এবং এতদসংক্রান্ত অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

১৭.৪ ঋণ ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক জারীকৃত 'ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন' এবং মানিলন্ডারিং প্রতিরোধ সম্পর্কিত বিধি-বিধানের পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৭.৫ ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় অর্থায়নের ক্ষেত্রে এ নীতিমালার শর্তাদির বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরবর্তীতে কোন পরিবর্তন/সংশোধন করা হলে তা অনুসৃত হবে।

এ সার্কুলারের নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোনো ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

০৭.১১.২০২২

(মোঃ বেল্লাল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/৩৭১(CMSME TLRS CGS)/২০২২-২০২৩/৩৪৮(৪৫৪) তারিখ: ০৭.১১.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

07.11.2022

(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

(সংযোজনী-ক)

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

সিএমএসএমই খাতে বাংলাদেশ ব্যাংক এর ২৫০০০(পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় জামানতবিহীন মেয়াদী ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জোনের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা
১	রাজশাহী	৬০.০০
২	নওগাঁ	৬০.০০
৩	নাটোর	৫০.০০
৪	চাঁপাইনবাবগঞ্জ	৫০.০০
৫	বগুড়া (উঃ)	৫০.০০
৬	বগুড়া (দঃ)	৫০.০০
৭	জয়পুরহাট	৫০.০০
৮	পাবনা	৫০.০০
৯	সিরাজগঞ্জ	৫০.০০
	উপ-সমষ্টি:	৪৭০.০০
১০	রংপুর	৬০.০০
১১	গাইবান্ধা	৬০.০০
১২	কুড়িগ্রাম	৫০.০০
১৩	নীলফামারী	৫০.০০
১৪	লালমনিরহাট	৫০.০০
১৫	দিনাজপুর (উঃ)	৫০.০০
১৬	দিনাজপুর (দঃ)	৫০.০০
১৭	ঠাকুরগাঁও	৫০.০০
১৮	পঞ্চগড়	৫০.০০
	উপ-সমষ্টি:	৪৭০.০০
১৯	এলপিও, রাজশাহী	৬০.০০
	সমষ্টি:	১০০০.০০

* উল্লেখ্য, আগামী ৩০.১২.২০২২ তারিখের মধ্যে আলোচ্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।